

শিশুদের নিরাপদ ইন্টারনেট ব্যবহার

পৃ. ২৪/৩/১২

ইন্টারনেটের মাধ্যমে অনেক সময় শিশুরা বিভিন্ন ধরনের হয়রানির শিকার হয় অথবা অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সম্মুখীন হয়। আপনার শিশু কোন ধরনের ওয়েবসাইট ব্যবহার করবে, আবার কোন ধরনের ক্ষতিকর ওয়েবসাইট থেকে দূরে থাকবে, তার সবই কিন্তু আপনি চাইলেই নিয়ন্ত্রণ করতে পারেন খুব সহজেই। এ জন্য আপনাকে সালফেল্ড চাইল্ড কন্ট্রোল নামক সফটওয়্যারটির সাহায্য নিতে হবে। এটি আপনি একেবারে বিনা মূল্যে ডাউনলোড করে নিতে পারবেন www.salfeld.com/software/parentalcontrol/index.html ঠিকানা থেকে। এর আকার ১৯.৫ মেগাবাইট। সফটওয়্যারের সাহায্যে আপনি নির্ধারণ করে দিতে পারবেন আপনার শিশু কোন ওয়েবসাইটগুলোতে ঢুকতে পারবে, আর কোনগুলোতে ঢুকতে পারবে না। এমনকি আপনি চাইলে কিছু নির্ধারিত শব্দও নির্বাচন করে দিতে পারবেন, যে শব্দগুলো থেকে আপনি আপনার

শিশুকে দূরে রাখতে চান। তাহলে সেসব শব্দ সংবলিত ওয়েবসাইটে ঢুকতে পারবে না আপনার শিশু। আবার কত দিন ঠিক কতটুকু সময় আপনার শিশু ইন্টারনেটে ব্যয় করতে পারবে, সেটিও নির্ধারণ করে দিতে পারবেন আপনি। এমনকি শিশু কোন ওয়েবসাইটে ঠিক কতক্ষণ সময় ব্যয় করেছে, সেটিও জানতে পারবেন আপনি। এই সফটওয়্যারের সাহায্যে সোশ্যাল নেটওয়ার্কিং সাইটগুলোতে বা অন্য কোনো সাইটে শিশু কতক্ষণ চ্যাট করতে পারবে, অন্য কারও সঙ্গে সেটিও নিয়ন্ত্রণ করা সম্ভব। আবার আপনি বাসায় না থাকলে শিশু যেন মাত্রাতিরিক্ত ইন্টারনেট ব্যবহার করতে না পারে, সেটিও নিয়ন্ত্রণ করতে পারবেন আপনি। এই সফটওয়্যারটি মোটামুটিভাবে সব ইন্টারনেট ব্রাউজারের সঙ্গেই সুন্দরভাবে কাজ করতে পারে।

—ফয়সাল হাসান

আগামীকাল দেখুন : হেল্পলাইন

প্রথম পৃষ্ঠা